

যুগান্তর

তারিখ ০২-০৫-২০০৯

সংখ্যা ১৩৬

শিক্ষানীতি প্রণয়ন কমিটির খসড়া সুপারিশ চূড়ান্ত হওয়ার পথে

যুগান্তর-রিপোর্ট

শিক্ষানীতি প্রণয়ন কমিটির খসড়া সুপারিশ প্রায় চূড়ান্তের পথে। আগামী ১৫ দিনের মধ্যে তত্ত্বাবধায়ক শেখ কবীর শিক্ষাবিদ, বিশেষজ্ঞ, নীতিনির্ধারকসহ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সঙ্গে মতবিনিময়ে মিলিত হবে। শনিবার কমিটির চতুর্থ বৈঠক শেষে একজন সদস্য নাম প্রকাশ না করে এ তথ্য জানিয়েছেন। কমিটির কো-চেয়ারম্যান অধ্যাপক ড. খলীদুজ্জমান আহমদ সাংবাদিকদের জানান, প্রাথমিক থেকে উচ্চশিক্ষা পর্যন্ত বিভিন্ন ক্ষেত্রে কমিটির সদস্যদের মতামতের পরিপ্রেক্ষিতে খসড়া গৃহীত হয়। নায়েমে অনুষ্ঠিত সভায় কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন। নাম প্রকাশ না করে একজন সদস্য জানান, কমিটি প্রাথমিকভাবে যেসব পথে : পৃষ্ঠা ৩ : কলাম ৩

পথে : শিক্ষানীতি

(শেষ পৃষ্ঠার পর)

সুপারিশ গ্রহণ করেছে তার মধ্যে রয়েছে— প্রাক-প্রাথমিক স্তর চালু, প্রাথমিক স্তর জটম শ্রেণী পর্যন্ত পর্যায়ক্রমে চালু, প্রাথমিকে একীভূত শিক্ষা, সঠিক শ্রেণী থেকে কারিগরি বা ভোকেশনাল শিক্ষার প্রতি, বিশেষ মনোযোগ, প্রমের মর্যাদা উপলব্ধিতে সহায়ক কারিকুলাম চালু, উচ্চশিক্ষার আগে পর্যন্ত নিজ নিজ এলাকার প্রতিষ্ঠানে বাধ্যতামূলকভাবে ভর্তি সহ নানা সুপারিশ রয়েছে।